

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 25-02-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

TBSE :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষা আজ থেকে শুরু হচ্ছে। মাধ্যমিক পরীক্ষা শুরু হবে আগামী ২৬শে ফেব্রুয়ারি থেকে। এবছর উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ২৬ হাজার ৪১১ জন। তৃতীয় লিঙ্গের পরীক্ষার্থী রয়েছেন একজন। মাদ্রাসা ফাজিল পরীক্ষার্থীর সংখ্যা ৮৫ জন। উচ্চমাধ্যমিক পরীক্ষায় মোট পরীক্ষা কেন্দ্র ৬২টি। এবছর মাধ্যমিক পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ৩২ হাজার ৪ জন। এদের মধ্যে মাদ্রাসা আলিম পরীক্ষার্থীর সংখ্যা ১৫৫ জন। মাধ্যমিক পরীক্ষায় মোট পরীক্ষা কেন্দ্র ৬৯টি।

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল আগরতলা প্রজ্ঞা ভবনে ফিশারী অফিসার পদে নির্বাচিত ৫২ জনের হতে নিয়োগপত্র তুলে দেন। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্য সরকার স্বচ্ছতা বজায় রেখে চাকরি প্রদান করছে। চাকরি প্রাপকদের উদ্দেশ্যে তিনি বলেন, গতানুগতিকতার বাইরে গিয়ে আধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে নতুন নতুন উদ্ভাবনী শক্তির বিকাশ ঘটাতে হবে। যাতে আগামীদিনে রাজ্য মৎস্য

উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠতে পারে। বক্তব্য রাখেন মৎস্যমন্ত্রী সুধাংশু দাস সচিব দীপা ডি নায়ার।

Union Minister of State Muralidhar Mahol :

কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন প্রতিমন্ত্রী মুরলি ধর মহোল বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ত্রিপুরা সহ গোটা উত্তর-পূর্বাঞ্চলের সার্বিক উন্নয়নের বিষয়ে যথেষ্ট আন্তরিক। গতকাল খোয়াই জেলা শাসকের কার্যালয়ে বিভিন্ন সরকারি উন্নয়নমূলক কাজকর্ম নিয়ে পর্যালোচনা বৈঠকে তিনি একথা বলেন। তিনি বলেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের লক্ষ্যে প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নমূলক কাজকর্ম বর্তমানে দ্রুত বাস্তবায়িত হচ্ছে। এই বৈঠকে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প, পি.এম.এ.ওয়াই.জি, জল জীবন মিশন, স্বচ্ছ ভারত মিশন, শিক্ষা, স্বাস্থ্য সহ প্রতিটি দপ্তরের বিভিন্ন প্রকল্পের কাজ পর্যালোচনা করেন।

কেন্দ্রীয় মন্ত্রী মুরলি ধর মহোল জাতীয় সড়ক নির্মাণকারী সংস্থার দেওয়া একটি অ্যাগ্জুলেন্স গাড়ির চাবি তুলে দিলেন বেহালা বাড়ি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের কর্তৃপক্ষের হাতে। তিনি তুলাশিখর ব্লকের স্ব-সহায়ক দলের একটি স্টল পরিদর্শন করেন এবং লাখপতি দিদিদের সঙ্গে কথা বলেন।

Agriculture Minister :

রাজ্যের কৃষিমন্ত্রী রতন লাল নাথ রাজ্যে কৃষিক্ষেত্রে বিভিন্ন প্রকল্পে অতিরিক্ত অর্থ বরাদ্দের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়েছেন। গতকাল কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানের সঙ্গে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে রাজ্যের কৃষিমন্ত্রী শ্রী নাথ এই দাবি জানান। তাছাড়া, তিনি

২০২৬-২৭ অর্থবছরে আরকেভিওয়াই-ডিপিআর প্রকল্পের অধীনে ৩০ হাজার হেক্টর জমিতে হাইব্রিড ধান চাষের ক্ষেত্রেও কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় সহায়তা পূরণের অনুরোধ জানান। কৃষিমন্ত্রী রাজ্যে কৃষি যান্ত্রিকীকরণ (SMAM) প্রকল্পের জন্য আরও ২০ কোটি টাকা অনুমোদনের জন্যও দাবি জানিয়েছেন।

MoSPI -NEW DELHI :

কেন্দ্রীয় পরিসংখ্যান ও কর্মসূচি রূপায়ন মন্ত্রকের উদ্যোগে গতকাল নয়াদিল্লিতে প্রশাসনিক কাজকর্ম পরিচালনার উদ্দেশ্যে রাজ্যগুলো ও কেন্দ্রীয় শাসিত অঞ্চল সমূহের মধ্যে তথ্য ব্যবহারের সমন্বয়ে জাতীয় স্তরে পরামর্শমূলক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। আগামী এপ্রিল মাসে রাজ্য সমূহ ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলগুলোর মধ্যে ডেটার মাধ্যমে উন্নয়ন শীর্ষক জাতীয় স্তরের সম্মেলনের প্রস্তুতি হিসাবে গতকাল এই কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় কেন্দ্রীয় তথ্য প্রযুক্তি ও বৈদ্যুতিন মন্ত্রকের সচিব এস. কৃষ্ণাণ এই ধরনের সম্মেলন সময়োপযোগী হিসাবে উল্লেখ করেন।

Bus Service Resume :

দীর্ঘ কয়েকমাস বন্ধ থাকার পর গতকাল থেকে বাংলাদেশের ঢাকা হয়ে আগরতলা-কলকাতা ও কলকাতা-আগরতলা বাস পরিষেবা পুনরায় চালু হয়েছে। গতকাল সকালে কলকাতা থেকে ঢাকা হয়ে ত্রিপুরা সড়ক পরিবহন নিগম TRTC-র মৈত্রী বাস যাত্রী নিয়ে আগরতলা আই.সি.পি-তে এসে পৌঁছলে ত্রিপুরার পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী যাত্রীদের ফুল দিয়ে স্বাগত জানান। উপস্থিত ছিলেন টি.আর.টি.সি-র ভারপ্রাপ্ত চেয়ারম্যান সমর রায়, আগরতলা পুর নিগমের মেয়র পারিষদ তুষার ভট্টাচার্য প্রমুখ।

সেখানে আয়োজিত অনুষ্ঠানে পরিবহনমন্ত্রী শ্রী চৌধুরী মৈত্রী বাস পরিষেবা পুনরায় চালু হওয়ায় সন্তোষ প্রকাশ করেন।

আগামীদিনে ভারত-বাংলাদেশের মধ্যে ব্যবসা বাণিজ্য ও দ্বি-পাক্ষিক সম্পর্ক স্বাভাবিক হবে এবং দুই দেশ শান্তিপূর্ণভাবে আলোচনার ভিত্তিতে উন্নয়নের পথে এগিয়ে চলবে বলে তিনি আশা ব্যক্ত করেন।

এদিকে, গতকাল দুপুরে আগরতলা থেকে নয় জন যাত্রী নিয়ে মৈত্রী বাস ঢাকা হয়ে কলকাতার উদ্দেশ্যে রওনা হয়েছে। TRTC সূত্রে এখবর জানা গেছে।

State Games :

তিনদিন ব্যাপী ত্রিপুরা রাজ্য গেমস গতকাল শেষ হয়েছে। ১৮টি ইভেন্টে এই গেমসের লড়াই হয়। বিলোনিয়ায় ফুটবলের পুরুষ বিভাগে উত্তর জেলা চ্যাম্পিয়ন হয়। বিকেআই মাঠে ফাইনালে উত্তর জেলা ১-০ গোলে ধলাই জেলাকে পরাজিত করে। মহিলা বিভাগে গোমতী জেলা ৪-২ গোলে পশ্চিম জেলাকে হারিয়ে খেতাব পায়। টেবিল টেনিসের উভয় বিভাগে পশ্চিম জেলার সিঙ্গেলস ও ডাবলসে খেতাব পায়। টেনিসের পুরুষ বিভাগে পশ্চিম জেলার অভিনাশ সাহা ও মহিলা বিভাগে ঋতিকা দাস খেতাব পায়। ব্যাডমিন্টনের উভয় বিভাগে রিতেশ কোঠারি ও অদ্রিজা দে চ্যাম্পিয়ন হয়। ভারোত্তোলন পশ্চিম জেলার খেলোয়াড়রা উভয় বিভাগে ৭টি স্বর্ণ পদক পায়।

WEATHER :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আগরতলা ও তার আশেপাশে আজ ভোরে হালকা কুয়াশা ছিল, দিনের পরের দিকে আকাশ অংশত: মেঘলা

থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি।
